# অনার্স-মাস্টার্স কলেজ শিক্ষকদের এমপিওভুক্তির সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিবেদক** ●

দীর্ঘ তিন দশকের অপেক্ষার অবসান ঘটিয়ে অবশেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি অনার্স ও মাস্টার্স কলেজের শিক্ষকদের এমপিওভুক্তির চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, অনার্স পর্যায়ে পাঁচজন এবং মাস্টার্স পর্যায়ে অতিরিক্ত দুজন শিক্ষক এমপিও সুবিধার আওতায় আসবেন। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল ও কলেজের জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা চূড়ান্তকরণ' সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব রেহেনা পারভীন।

সভায় উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ.এস.এম. আমানুল্লাহ, মাউশির মহাপরিচালক অধ্যাপক আব্দুল হান্নান, অতিরিক্ত সচিব মিজানুর রহমান, যুগ্ম সচিব হেলালুজ্জামান, উপসচিব সায়েদ এ.জেড. মোরশেদসহ শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

সভা-পরবর্তী সূত্রে জানা যায়, সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুতই অর্থ মন্ত্রণালয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে চিঠি পাঠানো হবে। অর্থ মন্ত্রণালয় বরাদ্দ অনুমোদন দিলেই শিক্ষা মন্ত্রণালয় এমপিও নীতিমালা প্রজ্ঞাপন আকারে প্রকাশ করবে এবং এমপিওভুক্তির কার্যক্রম শুরু হবে।

এ প্রসঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মো. মিজানুর বলেন, অনার্স-মাস্টার্স ■ পৃষ্ঠা ৬, কলাম ১

আমাদের সময়